গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত_উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | ই-লাইব্রেরীর মাধ্যমে বিবিএস এর প্রকাশনা স্থানীয় নাগরিকদের কাছে সহজলভ্যকরণ | লাইব্রেরীর মাধ্যমে পরিসংখ্যানের বিভিন্ন তথ্য জনসাধারণের কাছে সহজলভ্য করার লক্ষ্যে পাঠকের চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে লাইব্রেরি সেবাকে অনলাইনভিত্তিক এবং বহুমূখীকরণ করা হয়েছে। ফলে বর্ণিত উদ্যোগটিতে একজন পাঠক চাইলেই ঘরে বসে তাঁর পছন্দমত বই/রিপোর্ট বাছাই করে পড়তে পারছে। একখানা বই/রিপোর্ট/প্রবন্ধ একাধিক ব্যক্তি একই সময় পঠন-পাঠনেরও সুযোগ পাচ্ছেন। প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ তথ্যগুলো অন্যের সঙ্গে সহজেই শেয়ার করতে পারছেন। ই-লাইব্রেরির মাধ্যমে জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ, তথ্য ও উপাত্তভিত্তিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নে | কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | নিচে সংযুক্ত করা হলো | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ইতিবাচক ভূমিকা রাখছে; স্থানীয় উন্নয়ন পরিকল্পনা গ্রহণ সহজ হচ্ছে; শিক্ষার্থী, গবেষক ও উন্নয়ন কর্মীরা তাদের জ্ঞানকে সমাজ বদলে কাজে লাগাতে পারছে। কার্যক্রমটিতে তথ্য সংরক্ষণ কার্যক্রমে যেমন সহায়ক হচ্ছে তেমনি জনসাধারণের তথ্য প্রাপ্তিরও সহজ সুযোগ সৃষ্টি হয়েছে। | | | | |
| ০২. | গুগল ম্যাপে দাগগুচ্ছের অবস্থান নির্দিষ্টকরণ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মাঠ পর্যায় থেকে নিয়মিতভাবে কৃষি বিষয়ক তথ্য সংগ্রহ করে থাকে। দাগগুচ্ছসমূহ হতে ০৬ টি প্রধান ও ১২৬ টি অপ্রধান ফসলের তথ্য সংগ্রহ করা হয়। দাগগুচ্ছের অবস্থান চিহ্নিতকরণের সমস্যাজনিত কারণে সঠিক তথ্য সংগ্রহ কার্যক্রম ব্যাহত হয়। গুগল ম্যাপে দাগগুচ্ছগুলো অর্ন্তভুক্ত করায় জিপিএস লোকেশনে দাগগুচ্ছগুলো দেখা যেত, একটি দাগগুচ্ছ হতে আর একটি দাগগুচ্ছের দুরত্ব কত, প্রতিটি দাগগুচ্ছে জমির পরিমান প্রভৃতি জানা যেত। এ সকল তথ্য থেকে সহজেই দাগগুচ্ছ চিহ্নিত করা এবং দাগগুচ্ছ থেকে ফসলের হিসাব সংগ্রহ করা সহজ হত। | কার্যকর নেই। গুগল ম্যাপে দাগগুচ্ছের অবস্থান নির্দিষ্টকরণ শীর্ষক উদ্ভাবনী উদ্যোগটি জেলাধীন ১৪৯ টি দাগগুচ্ছে বাস্তবায়নের নিমিত্ত মাঠপর্যায়ে প্রচেষ্টা চালানো হয়। পরবর্তীতে কয়েকটি দাগগুচ্ছে বাস্তবায়ন করা হয়। বর্তমানে দাগগুচ্ছে গিয়ে গুগল ম্যাপে অবস্থান নির্দিষ্টকরণের সকল প্রক্রিয়া সম্পন্ন করে সাবমিট করলে Google couldn't verify your edit লেখা প্রদর্শন করে। ফলশ্রুতিতে গুগল ম্যাপে দাগগুচ্ছের অবস্থান চিহ্নিতকরণ সম্ভব হচ্ছে না মর্মে উদ্ভাবক ইনোভেশন টিম, | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | বিবিএসকে অবহিত করেন। | | | |
| ০৩ | **IT e-Request Portal** | উদ্যোগটির মাধ্যমে বিবিএস এর ওয়েবপোর্টালে IT সংক্রান্ত কোন সমস্যা হলে অনলাইন ট্র্যাকিং ও সংশ্লিষ্ট শাখার মাধ্যমে সমাধান করা সম্ভব হচ্ছে। "আইটি ই রিকুয়েস্ট পোর্টাল" শীর্ষক ওয়েব অ্যাপ্লিকেশন-এ সংশ্লিষ্ট কর্মকর্তা তার তথ্য প্রযুক্তি সংক্রান্ত সমস্যা দাখিল করে থাকেন। দাখিলকৃত সমস্যার বিপরীতে তিনি তাৎক্ষনিকভাবে ই-মেইলের মাধ্যমে একটি ট্র্যাকিং আইডি প্রাপ্ত হন। এই আইডির মাধ্যমে তিনি তার দাখিলকৃত সমস্যার সর্বশেষ অবস্থা পর্যবেক্ষণ করতে পারেন। বিবিএস এর কম্পিউটার উইং এর মেইনটেন্যান্স শাখা উক্ত ট্র্যাকিং আইডির বিপরীতে একজন টেকনিশিয়ান অ্যাসাইন করে থাকেন। ওয়েব অ্যাপ্লিকেশন থেকে স্বয়ংক্রিয়ভাবে একটি ইমেইল এর মাধ্যমে সংশ্লিষ্ট টেকনিশিয়ান সমস্যাটি সম্পর্কে অবহিত হন এবং তা স্বশরীরে পরিদর্শন অথবা রিমোটলি সমাধান করে থাকেন।অত:পর সমস্যা দাখিলকারী কর্মকর্তাকে সিস্টেম জেনারেটেড নতুন একটি ইমেইল এর মাধ্যমে | কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | নিচে সংযুক্ত করা হলো | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | সমাধান সম্পর্কে অবহিত করা হয়।সমাধান সম্ভব না হলে তার কারণও এই ইমেইল-এ উল্লেখ থাকে। এভাবে, সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে একটি সমস্যা সমাধান করা হচ্ছে। এতে সময় হ্রাসের পাশাপাশি কাগজ ও প্রিন্টারের খরচও পরিহার করা সম্ভব হচ্ছে। | | | | |
| ০৪ | "শুমারি/জরিপ এর রিপোর্ট এর ডিজিটাল মোড়ক উন্মোচন" | বর্ণিত কার্যক্রমের মাধ্যমে বিবিএস এর বিভিন্ন শুমারি এবং জরিপের তথ্য সম্বলিত প্রকাশিত রিপোর্ট সাধারণ জনগণ থেকে শুরু করে বিভিন্ন পর্যায়ের ছাত্র/ছাত্রী, শিক্ষক, গবেষক, সাংবাদিক, রাজনীতিবিদ এবং বিভিন্ন উন্নয়ন পরিকল্পনাবিদ-এর কাছে পৌছানো সহজ হবে। প্রকাশিত রিপোর্টসমূহের মোড়ক উন্মোচন এর পাশাপাশি ডিজিটাল মোড়ক উন্মোচন করে অতি সহজে প্রেরণ করা গেলে বিবিএস এর প্রচার এবং তথ্য প্রাপ্তি সাধারণ মানুষের কাছে পৌছানো সম্ভব হবে। | কার্যকর | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | | |
| ০৫ | অফিস নথি ব্যবস্থাপনা সহজীকরণ | বর্ণিত কার্যক্রমে নথিসমূহ বিভিন্ন শাখা অনুযায়ী বিন্যস্তকরণ, বিভিন্ন নথি দ্রুততম সময়ে খুজেঁ বেরকরণ, নথির অবস্থান সনাক্তরণে ক্যাটালগ প্রস্তুতকরণ, | কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | | |

০১/২০

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ক্যাটালগ অনুযায়ী নির্দিষ্ট তাকে সারি মোতাবেক সাজানো, সারির নথিসমূহকে আরোহন পদ্ধতি অনুসারে সাজানো, প্রতিটি নথিকে ট্যাগ দিয়ে চিহ্নিতকরণ, প্রতিটি তাক/সারিতে বিদ্যমান নথি সমূহের আলাদা সূচি প্রস্তুতকরণ করা সম্ভব হচ্ছে | | | | |
| ৬ | হিউম্যান রিসোর্স ম্যানাজমেন্ট সিস্টেম | বর্ণিত কার্যক্রমের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীগণের ব্যক্তিগত তথ্যের ডাটাবেইজ, নিজের তথ্য নিজেই অনলাইনে হালনাগাদ করার সুবিধা, জনবল, পিআরএল তথ্য, এমআইএস তথ্য মুহর্তেই পাওয়া সম্ভব হচ্ছে। | কার্যকর আছে | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন | নিচে সংযুক্ত করা হলো | |

নোট: ১ নং ক্রমিকের সেবার লিংক

http://bbs.barisal.gov.bd/bn/site/page/ZfKP-%E0%A6%87%E0%A6%B2%E0%A6%BE%E0%A6%87%E0%A6%AC%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%87%E0%A6%B0%E0%A7%80

৩ নং ক্রমিকের সেবার লিংক

http://192.168.218.161/CodeScripts/Welcome.php

৬ নং ক্রমিকের সেবার লিংক:

https://mis.digantait.com/

User: admin@demo.com
Pass word: 123456

08/10/2022

Mohammad Shafiqul Islam
BCS (Statistical)
Deputy Director
National Accounting Wing, BBS
Ministry of Planning